

ইউনেস্কো সম্মেলন শেষে দেশে ফিরেছেন শিক্ষামন্ত্রী

নিজের প্রতিবেদক >

ইউনেস্কোর ৩৯তম সাধারণ সম্মেলনে অংশগ্রহণ শেষে দেশে ফিরেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল শনিবার সকালে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীরসহ মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা। এবারের সম্মেলনে সদস্য রাষ্ট্রগুলোর ভোটে বাংলাদেশ তৃতীয়বারের মতো সংস্থাটির নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হয়েছে। ২০১৭-২০২১ মেয়াদের এই নির্বাচনে বাংলাদেশ ১৮৪ ভোটের মধ্যে ১৪৪ ভোট পায়।

বিমানবন্দরের ডিআইপি লাউঞ্জে শিক্ষামন্ত্রী বলেন, ইউনেস্কোর এবারের সম্মেলন বাংলাদেশের জন্য ছিল খুবই গুরুত্বপূর্ণ। এবার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ইউনেস্কোর মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে অন্তর্ভুক্ত হয়েছে। বাংলাদেশ সংস্থাটির পরবর্তী সম্মেলনের জন্য ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য ও দূরদর্শী নেতৃত্ব এবং সবার আন্তরিক প্রচেষ্টার ফলেই এ অর্জন সম্ভব হয়েছে। এতে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব ও কাজের চ্যালেঞ্জ আরো বেড়ে গেল।